গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৭৪/২০১৮-১৯
ঢাকা, রোববার ১৪ অক্টোবর ২০১৮, ২৯ আশ্বিন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রী পদ্মাসেতুর নামফলক উন্মোচন ও চার প্রকল্প উদ্বোধন করবেন আজ

২। রোহিঙ্গাদের ভরণপোষণের খরচ দেবে বিশ্বব্যাংক : অর্থমন্ত্রী

৩। দৃশ্যমান পদ্মাসেতু প্রধানমন্ত্রী শেখ হাসিনার একক সাহসী নেতৃত্বের ফসল : সেতুমন্ত্রী

৪। বিশ্ব জঙ্গিবাদ রুখে দিতে হবে : মরক্কোয় সম্মেলনে শিক্ষামন্ত্রী

৫। কথা রাখার সময় এখনও শেষ হয়নি : ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে আইনমন্ত্রী

৬। দুর্যোগে মৃত্যুর হার শূন্যে নামাতে চায় সরকার
: দুর্যোগ প্রশমন দিবসের অনুষ্ঠানে ত্রাণমন্ত্রী

৭। চলতি দায়িত্ব পাওয়া প্রধান শিক্ষকরা পদোন্নতি পাবেন : গণশিক্ষামন্ত্রী

৮। মাদক নির্মূল না হওয়া পর্যন্ত অভিযান : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। সরকার নারীর ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে : তথ্য প্রতিমন্ত্রী

১০। দায়িত্বশীলরা আইন মানলে সাধারণ মানুষও মানবে : ডিএমপি কমিশনার

১১। মালয়েশিয়া বাংলাদেশের সঙ্গে এফটিএ স্বাক্ষরে আগ্রহী

১২। জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ

১৩। বিশ্ব মান দিবস আজ

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী পদ্মাসেতুর নামফলক উন্মোচন ও চার প্রকল্প উদ্বোধন করবেন আজ**

নানা প্রতিবন্ধকতা পেরিয়ে এগিয়ে চলছে পদ্মাসেতুর নির্মাণকাজ। ইতোমধ্যে এর নির্মাণকাজের ৬০ ভাগ অগ্রগতি হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৪ অক্টোবর রোববার) দেশের বৃহত্তম এ প্রকল্পের নির্মাণ কর্মযজ্ঞ সরেজমিন পরিদর্শনে যাবেন। মুন্সীগঞ্জের মাওয়া, শরিয়তপুরের জাজিরা ও মাদারিপুরের শিবচর এলাকায় গিয়ে পদ্মাসেতুর নামফলক উন্মোচন, ৬০ ভাগ নির্মাণকাজের অগ্রগতি ঘোষণাসহ মোট চারটি বড় প্রকল্প উদ্বোধন করবেন তিনি। এছাড়া মুন্সীগঞ্জের মাওয়া টোলপ্লাজা সংলগ্ন গোলচত্বরে সুধী সমাবেশ ও মাদারীপুরের শিবচরের কাঁঠালবাড়ি ফেরিঘাটে জনসভায় ভাষণ দিবেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

২। **রোহিঙ্গাদের ভরণপোষণের খরচ দেবে বিশ্বব্যাংক : অর্থমন্ত্রী**

বিশ্বব্যাংক রোহিঙ্গাদের ভরণপোষণের জন্য যে অর্থের প্রয়োজন হবে, তার সংস্থানের আশ্বাস দিয়েছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, আমরা হিসাব করে দেখেছি, আগামী দুই বছরে রোহিঙ্গাদের জন্য দুই বিলিয়ন ডলার প্রয়োজন হবে। কোনো ঋণ নয়, অনুদানের ব্যবস্থা করবে বিশ্বব্যাংক। এক বিলিয়ন মার্কিন ডলার করে দুই বছরে দুই বিলিয়ন ডলারের এ অর্থের বেশির ভাগ দেবে বিশ্বব্যাংক। বাকি অর্থ অন্যান্য দাতা দেশ এবং সংস্থার কাছ থেকে যোগাড় করে দেবে। এরমধ্যেই ৫০ লাখ ডলার পাওয়া গেছে। রোহিঙ্গা ইস্যুতে বিশ্বব্যাংক সবধরনের সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দিয়েছে। গতকাল (১৩ অক্টোবর শনিবার) ইন্দোনেশিয়ার বালিদ্বীপের ওয়েস্টিন হোটেলে বিশ্বব্যাংক-আইএমএফের সম্মেলনের চতুর্থদিন বিশ্বব্যাংক প্রেসিডেন্ট জিম ইয়ং কিমের সঙ্গে বৈঠকশেষে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

৩। **দৃশ্যমান পদ্মাসেতু প্রধানমন্ত্রী শেখ হাসিনার একক সাহসী নেতৃত্বের ফসল : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পদ্মাসেতু নির্মাণে যেসব সফলতা, অবদান ও কৃতিত্ব সবকিছু বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার। দৃশ্যমান পদ্মাসেতু শেখ হাসিনার একক সাহসী নেতৃত্বের ফসল। এখানে অন্য কারও কোনো অবদান নেই। পদ্মাসেতুতে রেলসংযোগ যুক্ত হচ্ছে। সে রেলসংযোগও আজ উদ্বোধন হবে। এটাও একটা নতুন ডাইমেনশন। গতকাল (১৩ অক্টোবর শনিবার) মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার ঢাকা-মাওয়া মহাসড়কের পদ্মাসেতুর টোলপ্লাজার কাছে প্রধানমন্ত্রীর সুধী সমাবেশের মঞ্চ পরিদর্শনশেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১) **সংবাদ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৪। **বিশ্ব জঙ্গিবাদ রুখে দিতে হবে : মরক্কোয় সম্মেলনে শিক্ষামন্ত্রী**

বিশ্ব জঙ্গিবাদ রুখে দিতে মুসলিম উম্মাহর দেশগুলোর প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল (১৩ অক্টোবর শনিবার) মরক্কোর রাজধানী রাবাতে ইসলামিক এডুকেশনাল সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশনের (আইসেসকো) দু'দিনব্যাপী সম্মেলনের ১৩তম সেশনের উদ্বোধনী দিনে বাংলাদেশ প্রতিনিধিদলের দলনেতা হিসেবে বক্তব্যে তিনি এ আহ্বান জানান। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মুসলিম উম্মাহর শান্তি ও ঐক্য বিষয়ে আঞ্চলিক সহযোগিতার ওপর গুরুত্ব আরোপ করেন। এ ছাড়া সম্মেলনে তিনি নির্ধারিত সময়ের মধ্যে এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশ সরকারের উল্লেখযোগ্য কর্মকাণ্ডের কথা তুলে ধরেন। এক্ষেত্রে তিনি মানসম্মত শিক্ষা, স্বাস্থ্য, দারিদ্র্য বিমোচনসহ নানা কর্মসূচির কথা উল্লেখ করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৭)।

৫। **কথা রাখার সময় এখনও শেষ হয়নি : ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে আইনমন্ত্রী**

জাতীয় সংসদে পাস হওয়া ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে আশার কথা শোনালেন আইনমন্ত্রী আনিসুল হক। এ আইন পরিবর্তনের সুযোগ আছে-এমন ইঙ্গিত দিয়ে তিনি বলেছেন, কথা রাখার সময় এখনও শেষ হয়নি। কথার বরখেলাপও করিনি। আমার সময়ও শেষ হয়ে যায়নি। গতকাল (১৩ অক্টোবর শনিবার) সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলা সমিতি আয়োজিত 'গুণীজন সম্মাননা ও কৃতী শিক্ষার্থী সংবর্ধনা'

অনুষ্ঠানশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৬। দুর্যোগে মৃত্যুর হার শূন্যে নামাতে চায় সরকার : ত্রাণমন্ত্রী

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, সরকার গত ১০ বছরে দুর্যোগ-পরবর্তী ত্রাণ বিতরণ কার্যক্রমের পরিবর্তে দুর্যোগ ঝুঁকি হ্রাসকে অগ্রাধিকার দিয়েছে। এর ফলে দুর্যোগে মানুষের জানমালের ক্ষয়ক্ষতি দৃশ্যমানভাবে হ্রাস পেয়েছে। তিনি বলেন, বিশ্ব এখন দুর্যোগে অর্থনৈতিক ক্ষয়ক্ষতি কমিয়ে আনার কথা ভাবছে। অথচ বাংলাদেশ ১০ বছর আগে থেকেই এ লক্ষ্যে কাজ করে যাচ্ছে। ফলে বাংলাদেশ এখন দুর্যোগ ব্যবস্থাপনায় বিশ্বে রোল মডেল। সরকার যে কোনো দুর্যোগে মানুষের মৃত্যুর হার শূন্যের কোটায় নামিয়ে আনতে চায়। গতকাল (১৩ অক্টোবর শনিবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে-'কমাতে হলে সম্পদের ক্ষতি, বাড়াতে হবে দুর্যোগের পূর্বপ্রস্তুতি'। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

৭। চলতি দায়িত্ব পাওয়া প্রধান শিক্ষকরা পদোন্নতি পাবেন : গণশিক্ষামন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, পদমর্যাদার তালিকা অনুযায়ী যেসব সহকারী শিক্ষককে প্রধান শিক্ষক হিসেবে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে, তাদের অনতিবিলম্বে প্রধান শিক্ষক হিসেবে পদোন্নতি দেওয়া হবে। চট্টগ্রাম ও বান্দরবান ছাড়া ইতোমধ্যে সারাদেশে ১৭ হাজার সহকারী শিক্ষককে প্রধান শিক্ষক হিসেবে চলতি দায়িত্ব দেওয়া হয়েছে বলে জানান তিনি। চট্টগ্রাম ও বান্দরবান জেলায় ৫০০ শিক্ষককে শীঘ্রই প্রধান শিক্ষকের চলতি দায়িত্ব দেওয়ার কথাও বলেন মন্ত্রী। গতকাল (১৩ অক্টোবর শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৮। মাদক নির্মূল না হওয়া পর্যন্ত অভিযান : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, মাদক নির্মূল না হওয়া পর্যন্ত মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে। গতকাল (১৩ অক্টোবর শনিবার) রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) বন্দুকযুদ্ধে আহত র‍্যাব সদস্যদের দেখতে এসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৯। সরকার নারীর ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে : তথ্য প্রতিমন্ত্রী

তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা নারীদের কল্যাণের কথা চিন্তা করেন বলেই তাদের ক্ষমতায়নের জন্য কাজ করে যাচ্ছেন। বিধবা নারীদের জন্য বিধবা ভাতা ও বয়স্ক নারীদের জন্য বয়স্ক ভাতা চালু করেছেন। নারীদের অগ্রযাত্রা অব্যাহত রাখতে হলে আগামী জাতীয় নির্বাচনে আওয়ামী লীগের বিজয় নিশ্চিত করতে নারীদেরই অগ্রণী ভূমিকা পালন করতে হবে। গতকাল (১৩ অক্টোবর শনিবার) টাঙ্গাইলের নাগরপুর উপজেলার ধুবড়িয়া খেলার মাঠে অনুষ্ঠিত মা সমাবেশে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.২)।

১০। দায়িত্বশীলরা আইন মানলে সাধারণ মানুষও মানবে : ডিএমপি কমিশনার

সমাজের দায়িত্বশীল ব্যক্তিরা আইন মানলে সাধারণ মানুষও আইন মেনে চলবে বলে মন্তব্য করেছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া। গতকাল (১৩ অক্টোবর শনিবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ট্রাফিক সচেতনতামূলক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। এ সময় তিনি বলেন, আইন না মানার সংস্কৃতি হলো সবচেয়ে বড় সমস্যা। রাস্তায় কেউ আইন মানতে চান না। সড়ক দুর্ঘটনারোধে যানচালক, মালিক ও পথচারীদের দায়িত্ব রয়েছে। সবাই সচেতন হলে ট্রাফিক শৃঙ্খলা ফেরানো সম্ভব। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৩), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

১১। মালয়েশিয়া বাংলাদেশের সঙ্গে এফটিএ স্বাক্ষরে আগ্রহী

মালয়েশিয়া সরকার বাংলাদেশের সঙ্গে বিনিয়োগ ও বাণিজ্য বৃদ্ধি করতে উভয়দেশের মধ্যে শীঘ্রই ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (এফটিএ) স্বাক্ষরে আগ্রহ প্রকাশ করেছে বলে জানিয়েছেন দেশটিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শহীদুল ইসলাম। এ সময় মালয়েশিয়ায় অবস্থানরত বাংলাদেশি কর্মীদের কর্মক্ষেত্রে ঝুঁকি কমানোর বিষয়ে দেশটির সরকারকে

=৪=

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান তিনি। গতকাল (১৩ অক্টোবর শনিবার) মালয়েশিয়ায় ট্রেড মিনিস্টারের কার্যালয়ে ট্রেড এন্ড ইন্ডাস্ট্রি মিনিস্টার ডারেল লেকিংয়ের সঙ্গে বৈঠকশেষে তিনি এ কথা জানান। বৈঠকে বাংলাদেশে বিনিয়োগ এবং বাণিজ্য বৃদ্ধির সুযোগ-সুবিধা সম্পর্কে আলোচনা করেন তারা। ডারেল লেকিং বাংলাদেশের উন্নয়নে মালয়েশিয়ার সহযোগিতা অব্যাহত থাকবে বলে রাষ্ট্রদূতকে আশ্বাস দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১)।

১২। জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ

বাংলাদেশ আগামী ২০১৯-২০২১ মেয়াদে জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের সদস্য নির্বাচিত হয়েছে। গত ১২ অক্টোবর শুক্রবার জাতিসংঘ সাধারণ পরিষদের সদস্য রাষ্ট্রসমূহ সরাসরি গোপন ভোটে অংশ নেয়। নির্বাচন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতিসংঘ ৭৩তম সাধারণ পরিষদের সভাপতি মারিয়া ফার্নানদা এস্পিনোসা। কাউন্সিলে নির্বাচিত হতে প্রতিটি সদস্য দেশের কমপক্ষে ৯৭টি ভোট প্রয়োজন। ১৯৩ ভোটের মধ্যে ১৭৮ ভোট পেয়ে নির্বাচিত হয় বাংলাদেশ। এশিয়া-প্যাসিফিক ক্যাটাগরিতে ভারত, বাহরাইন, ফিজি ও ফিলিপাইনের পাশাপাশি নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪),

১৩। বিশ্ব মান দিবস আজ

'চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে আন্তর্জাতিক মান' এ প্রতিপাদ্যকে সামনে রেখে আজ ৪৯তম বিশ্ব মান দিবস পালন করা হচ্ছে। পণ্য এবং সেবার মানের বিষয়ে সচেতনতা তৈরিতে প্রতিবছর বিশ্বব্যাপী এ দিবসটি পালন করা হয়। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইনকিলাব :** প্রজনন মৌসুমে ইলিশ ধরা পুরোপুরি নিষিদ্ধ হলেও অনেক জেলে তা মানছে না উল্লেখ করে অবৈধভাবে ইলিশ শিকারের বিরুদ্ধে অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** এশিয়া প্যাসিফিক অঞ্চল থেকে বাংলাদেশ জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের সদস্য নির্বাচিত হওয়ার সংবাদকে স্বাগত জানিয়ে মানবাধিকার প্রতিষ্ঠায় বাংলাদেশ বিশ্বের বুকে দৃষ্টান্ত স্থাপন করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **ইত্তেফাক :** যেসব উপজেলায় সরকারি কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় নেই, সেখানে একটি করে কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণ করার সিদ্ধান্তে সন্তোষ প্রকাশ করে এর বাস্তবায়ন সুষ্ঠুভাবে সম্পন্ন করার সুপারিশ।

ঘ. **সমকাল :** প্রায় প্রতিদিনই সড়ক দুর্ঘটনায় মূল্যবান প্রাণ ও রক্ত ঝরছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সরকার, পুলিশ, চালক ও যাত্রীদের সম্মিলিত প্রচেষ্টায় সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠার মাধ্যমে সড়ক দুর্ঘটনারোধ করার আহ্বান।

ঙ. **যুগান্তর :** ওজনে প্রতারণা ঠেকাতে এবং অসাধু ব্যবসায়ীদের শাস্তির আওতায় আনতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর প্রতিটি কাঁচাবাজারে 'ওজন বন্ধু' সেবা চালু করতে যাচ্ছে উল্লেখ করে ওজন নিয়ে প্রতারণারোধে তা সহায়ক হবে বলে আশা প্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলায় পাঁচ হাজার পরিবার সৌরবিদ্যুৎ ব্যবহার করছে উল্লেখ করে সারাদেশের প্রত্যন্ত গ্রামগুলো সৌরবিদ্যুতের আওতায় আনার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার, নিউ নেশন :** শহরে তৈরি প্রতিটি স্থাপনাতে যথাযথ অগ্নিনির্বাপণ ব্যবস্থা রাখার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় উল্লেখ করা হয়েছে, সবাই মিলে একটি উন্নয়ন সহায়ক পরিকল্পনা গ্রহণ করে মানবিক বাংলাদেশ গঠনে বিনিয়োগের ক্ষেত্রে মেধা ও উদ্ভাবনকে কাজে লাগাতে হবে

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'প্রতিবন্ধীবান্ধব গণপরিবহণ ব্যবস্থা চাই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সর্বসাধারণের জন্য উন্মুক্ত স্থানে প্রবেশাধিকার ও বাধাহীনভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের চলাচলের সুযোগ করে দেওয়া আমাদের সবার নাগরিক দায়িত্ব।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা